

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৮৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যার চরিত্র সুন্দর হবে, কিয়ামতের দিন তার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে বসার জায়গা হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَنْ حَسُنَ خُلقُه كَانَ فِي الْقِيَامَةِ مِمَّنْ قَرُبَ مَجْلِسُهُ مِنَ الْمُصْطَفَى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّقَنَا قَاسِمُ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّقَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ سَعْدِ قَالَ: حَدَّقَنَا أَبِي عَنْ يَزِيدَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الْهَادِ عَنْ عَمْرِو بْنِ شُعْيْبٍ عَنْ أَبِيهِ عَنْ مُحَمَّد بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فِي بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فِي مَجْلِسٍ: (أَلَا أُخْبِرُكُمْ بِأَحَبِّكُمْ إِلَيَّ وَأَقْرَبِكُمْ مِنِي مجلساً يَوْمَ الْقِيَامَةِ؟ ) \_ ثَلَاثَ مَرَّاتٍ مَخْلِسٍ: (أَلَا أُخْبِرُكُمْ بِأَحَبِّكُمْ إِلَيَّ وَأَقْرَبِكُمْ مِنِي مجلساً يَوْمَ الْقِيَامَةِ؟ ) \_ ثَلَاثَ مَرَّاتِ يَقُولُهَا \_ قُلْنَا: بَلَى يَا رَسُولَ اللَّهِ قَالَ: (أَحْسَنُكُمْ أَخلاقاً.)

يَقُولُهَا \_ قُلْنَا: بَلَى يَا رَسُولَ اللَّهِ قَالَ: (أَحْسَنُكُمْ أَخلاقاً.)

الراوي : عَبْد اللَّهِ بْن عَمْرٍ و المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : العليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 485 ا خلاصة حكم المحدث: حسن صحيح.

## বাংলা

৪৮৫. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাভ্ আনভ্না থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম এক মজলিসে বলেছেন: "আমি কি তোমাদের বলবো না ঐ ব্যক্তি সম্পর্কে যিনি কিয়ামতের দিন আমার সবচেয়ে বেশি প্রিয়ভাজন হবে এবং আমার সবচেয়ে কাছে বসার জায়গা হবে?" রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম কথাটি তিনবার বললেন। আমরা বললাম: "জ্বী, হ্যাঁ, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম ।" রাসূল সাল্লাল্লাভ্ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "যিনি তোমাদের মাঝে সবচেয়ে বেশি উত্তম চরিত্রের অধিকারী।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২১৭; আদাবুল মুফরাদ: ২৭২; মাজমা'উয যাওয়াইদ: ৮/২১।



হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৭৯১।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন